

নং- ০৭.০০.০০০০.১১১.০১.০০১.২০২২-৩৩৪

তারিখ: ১৯ আষাঢ় ১৪২৯
০৩ জুলাই ২০২২

পরিপত্র

বিষয়: **২০২২-২৩ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের অগ্রাধিকার নির্ধারণ এবং সুষ্ঠু বাস্তবায়ন।**

বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারি ব্যয়ে কৃষ্ণ সাধনের লক্ষ্যে, সীমিত সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকল্পে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহে **এ/বি/সি ক্যাটাগরি** নির্ধারণ করা হয়েছে। ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে:

- (ক) মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান এবং অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের **‘এ’ ক্যাটাগরি** চিহ্নিত প্রকল্পসমূহ যথানিয়মে অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন অব্যাহত থাকবে;
- (খ) **‘বি’ ক্যাটাগরি** প্রকল্পসমূহের ক্ষেত্রে জিওবি অংশের ২৫ শতাংশ সংরক্ষিত রেখে অনূর্ধ্ব ৭৫ শতাংশ ব্যয় করা যাবে;
- (গ) **‘সি’ ক্যাটাগরি** প্রকল্পসমূহের অর্থ ছাড় আপাতত স্থগিত থাকবে। তবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান প্রয়োজন অনুসারে **‘সি’ ক্যাটাগরি** প্রকল্পসমূহে বরাদ্দকৃত অর্থ পুনঃউপযোজনের মাধ্যমে (প্রয়োজ্য ক্ষেত্রে পরিকল্পনা কমিশন ও অর্থ বিভাগের পূর্বানুমতি গ্রহণপূর্বক) **‘এ’ ক্যাটাগরি** চিহ্নিত প্রকল্পসমূহে ব্যয় করতে পারবে;

০২। প্রকল্পের অর্থ ছাড়ের ক্ষেত্রে অর্থ বিভাগের উন্নয়ন প্রকল্পের অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকা-২০১৮ সহ বিদ্যমান আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।



(মোহাম্মদ ওয়ালিদ হোসেন)

যুগ্মসচিব

ফোন: ২২৩৩৮৭২০৩

e-mail: walidh@finance.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা / প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব/সচিব, মন্ত্রণালয়/বিভাগ।
- ৪। সদস্য, বিভাগ, পরিকল্পনা কমিশন।
- ৫। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, আব্দুল গণি রোড, ঢাকা।
- ৮। চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/মহাপরিচালক (সকল সংস্থা).....।
- ৯। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
- ১০। চিফ একাউন্ট এন্ড ফিন্যান্স অফিসার (সকল), মন্ত্রণালয়/বিভাগ।
- ১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।